গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর
প্রশাসন শাখা
www.doict.gov.bd

**মার্চ/২০২৪ মাসে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মোস্তফা কামাল<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ২৫/০৩/২০২৪ খ্রি.। |
| সভার সময় | সকাল ১১:০০ ঘটিকা |
| স্থান | আইসিটি অধিদপ্তরের সম্মেলন কক্ষ |
| উপস্থিতি | আইসিটি অধিদপ্তরের প্রধান কার্যালয়ে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ |

সভাপতি সভার শুরুতেই উপস্থিত সকলকে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের শুভেচ্ছা জানান এবং অত্র অধিদপ্তরে নব যোগদানকৃত পরিচালক জনাব মুঃ খায়রুজ্জামান-কে সকলের সাথে পরিচয় করিয়ে দেন। তিনি কৃচ্ছতা সাধনের বিষয়ে মাননীয় প্রধানমন্ত্রীর পরামর্শ মেনে চলার বিষয়ে গুরুত্বারোপ করেন এবং প্রত্যেককে সঠিক সময়ে অফিসে উপস্থিত হওয়ার নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে সহকারী প্রোগ্রামার জনাব তানভীর আহমেদ বিগত সভার কার্যবিবরণী উপস্থাপন করেন। কোন সংশোধনী না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। পরবর্তীতে তিনি আলোচ্যসূচী অনুযায়ী সভার কার্যক্রম শুরু করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

**১। প্রশাসন ও সেবা শাখা:**

| ক্রম. | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

<table>
<tr>
<td>১।</td>
<td>
বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ বাস্তবায়ন অগ্রগতি এবং খসড়া এপিএ ২০২৪-২৫ অর্থ বছর সংক্রান্ত:<br>
অধিদপ্তরের সহকারী প্রোগ্রামার (প্রশাসন) ২০২৩-২৪ অর্থবছরে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের এপিএ তে গৃহীত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের কার্যক্রমের নিম্নরূপ অগ্রগতি উপস্থাপন করেন:
<table>
<tr><th>ক্রম.</th><th>কার্যক্রম</th><th>লক্ষ্যমাত্রা (১০০%)</th><th>জুলাই ২০২৩ থেকে জুন ২০২৪ পর্যন্ত অর্জন</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>১।</td><td>Freelancer Database প্রস্তুত</td><td>৩০-০৪-২০২৪</td><td>৬০% সম্পন্ন হয়েছে। (ট্রেনিং, প্রোফাইল এবং আইডি কার্ড তৈরী করা)</td><td>সিস্টেম ও প্রশিক্ষণ শাখা</td></tr>
<tr><td>২।</td><td>ডিজিটাল কন্টেন্ট রিপোজিটরি সিস্টেম প্রস্তুত</td><td>৩০-০৬-২০২৪</td><td>ডেমো ওয়েবসাইট প্রস্তুত, অবশিষ্ট কার্যক্রম চলমান রয়েছে।</td><td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) প্রকল্প</td></tr>
<tr><td>৩।</td><td>ই-নথি/ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ প্রদান</td><td>২৫০০</td><td>৪১ টি উপজেলায় বাজেট প্রেরণ করা হয়েছে। ১১ টি উপজেলায় ৩৩০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।</td><td>প্রশাসন শাখা</td></tr>
<tr><td rowspan="2">৪।</td><td rowspan="2">এসআরডিএল (২য় পর্যায়) প্রকল্পের মাধ্যমে শিক্ষক ও ছাত্র-ছাত্রীদের প্রশিক্ষণ প্রদান</td><td>৩৫০০০</td><td>প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে।</td><td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) প্রকল্প</td></tr>
<tr><td>২৫০০০</td><td>৩০০০ জনের প্রশিক্ষণ সম্পন্ন হয়েছে।</td><td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন (২য় পর্যায়) প্রকল্প</td></tr>
<tr><td>৫।</td><td>স্মার্ট বাংলাদেশ দিবস উদ্‌যাপন</td><td>১২-১২-২০২৩</td><td>সম্পন্ন</td><td>প্রশাসন শাখা</td></tr>
<tr><td>৬।</td><td>শেখ রাসেল দিবস উদ্‌যাপন</td><td>১৮-১০-২৩</td><td>সম্পন্ন</td><td>প্রশাসন শাখা</td></tr>
<tr><td>৭।</td><td>নারী উদ্যোক্তাদের প্রশিক্ষণ প্রদান</td><td>৪৩০০ জন</td><td>প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।</td><td>হার পাওয়ার প্রকল্প</td></tr>
<tr><td>৮।</td><td>“Joy SET Center এর ভৌত অবকাঠামো নির্মাণ</td><td>৩০</td><td>মোট উপজেলা ৪৯১ এর মধ্যে দরপত্র আহ্বান করা হয়েছে- ১৫৮ টি। NOA প্রদান করা হয়েছে - ৭৯ টি। চুক্তি সম্পাদন ও নির্মাণ শুরু- ৫৬ টি</td><td>ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প</td></tr>
<tr><td>৯।</td><td>প্রান্তিক পর্যায়ে অপটিক্যাল ফাইবার ক্যাবলের মাধ্যমে ইন্টারনেট সংযোগ প্রদান</td><td>৩০০০</td><td>সারাদেশে ৩৭ টি প্যাকেজ এ টেন্ডার কার্যক্রম সম্পন্ন হয়েছে।</td><td>ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্প</td></tr>
</table>
২। সভাপতি সরকারের নির্বাচনী ইশতিহারকে সর্বোচ্চ গুরুত্ব এবং অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির বিষয় বিবেচনায় রেখে আগামী ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির খসড়া প্রস্তুতের পরামর্শ প্রদান করেন।
</td>
<td>১। অধিদপ্তরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২০২৪ এর অন্তর্ভুক্ত প্রশিক্ষণ/সভা/সেমিনার/কর্মশালাসমূহ সংশ্লিষ্ট শাখা হতে দ্রুত আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।<br>২। সরকারের নির্বাচনী ইশতিহারকে সর্বোচ্চ গুরুত্ব এবং অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের সক্ষমতা বৃদ্ধির বিষয় বিবেচনায় রেখে আগামী ২০২৪-২৫ অর্থ বছরের বার্ষিক কর্ম সম্পাদন চুক্তির খসড়া প্রস্তুত করতে হবে।</td>
<td>১। সংশ্লিষ্ট শাখা প্রধানগণ<br>২। সহকারী প্রোগ্রামার (প্রশাসন)</td>
</tr>
</table>

<table>
<tr>
<td>২।</td>
<td>ডি-নথি কার্যক্রম:<br>ডি-নথি সিস্টেমের জরুরি মানোন্নয়ন কার্যক্রম চলছে বিধায় সিস্টেম থেকে কর্মকর্তা/কর্মচারীগণের ডি-নথিতে পেন্ডিং ডাক ও নথির তথ্য উপস্থাপন করা সম্ভব হয়নি। সভাপতি সকল পত্র ডি-নথিতে উপস্থাপন, হার্ড ফাইল উপেক্ষা করার পরামর্শ প্রদান করেন।<br>ফেব্রুয়ারি/২০২৪ মাসের ডি-নথির তথ্য
<table>
<tr><td rowspan="2">তৈরিকৃত নথির সংখ্যা</td><td colspan="4">মোট নথি নিষ্পত্তিকৃত</td><td rowspan="2">মোট পত্রজারি</td></tr>
<tr><td>ডাক নোটে নিষ্পত্তি (ক)</td><td>নোটে নিষ্পত্তি (খ)</td><td>পত্রজারিতে নিষ্পন্ন (গ)</td><td>মোট (ক+খ+গ)</td></tr>
<tr><td>৩০</td><td>০৬</td><td>১৩</td><td>১২৫</td><td>১৪৪</td><td>১৬৯</td></tr>
</table>
</td>
<td>১। সকল পত্র ডি-নথিতে উপস্থাপন নিশ্চিত করতে হবে।<br>২। অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীর ডি-নথিতে ডাক ও নথির পেন্ডিংসহ বিস্তারিত প্রতিবেদন দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা মাসিক সমন্বয় সভায় উপস্থাপন করবেন।</td>
<td>১। শাখা-অধিশাখা প্রধানগণ<br>২। সহকারী প্রোগ্রামার (প্রশাসন)</td>
</tr>
<tr>
<td>৩।</td>
<td>প্রতিবেদন/ রিপোর্ট প্রেরণঃ<br>১। মাসিক প্রতিবেদন/রিপোর্ট নির্ধারিত সময়ের মধ্যে নথিতে উপস্থাপন এবং নিকস ফন্ট ব্যবহার করে সতর্কতার সহিত গুরুত্বসহকারে ও নির্ভুলভাবে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।<br>২। অধিদপ্তরের কোন শাখা কোন কোন প্রতিবেদন/রিপোর্ট প্রেরণ করে তার তালিকা প্রস্তুতপূর্বক অধিদপ্তরের সমন্বিত প্রতিবেদন/রিপোর্ট রিটার্ন তালিকা প্রস্তুত করে সময় মেনে নির্ভুলভাবে প্রতিটি প্রতিবেদন/রিপোর্ট রিটার্ন করতে হবে।<br>৩। সভাপতি প্রতিটি শাখা হতে প্রতিমাসে কোন কোন প্রতিবেদন প্রেরিত হয়েছে তার নাম ও প্রেরিত তারিখসহ সমন্বয় সভায় উপস্থাপন করার নির্দেশনা প্রদান করেন।</td>
<td>১। মাসিক প্রতিবেদন/রিপোর্ট প্রতি মাসের ২ তারিখের মধ্যে/নির্ধারিত সময়ের মধ্যে নথিতে উপস্থাপন এবং নিকস ফন্ট ব্যবহার করে সতর্কতার সহিত গুরুত্বসহকারে ও নির্ভুলভাবে প্রেরণ নিশ্চিত করতে হবে।<br>২। প্রতিটি শাখা হতে প্রতিমাসে কোন কোন প্রতিবেদন প্রেরিত হয়েছে তার নাম ও প্রেরিত তারিখসহ তথ্যাদি সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে।</td>
<td>১। শাখা প্রধানগণ<br>২। সহকারী প্রোগ্রামার (প্রশাসন)</td>
</tr>
</table>

৪।

**পরিদর্শনঃ**

**ফেব্রুয়ারি/২০২৪** মাসের পরিদর্শনের তথ্য নিম্নরূপ:

**প্রধান কার্যালয়ঃ**

| ক্র মঃ | কর্মকর্তার নাম ও পদবি | পরিদর্শনকৃত শাখা | পরিদর্শনকৃত কার্যালয়/ প্রতিষ্ঠানের নাম | প্রতিবেদন প্রেরণ (হ্যাঁ/না) |
|---|---|---|---|---|
| ১। | জনাব মোঃ মোস্তফা কামাল (অতিরিক্ত সচিব) মহাপরিচালক | - | - | - |
| ২। | জনাব এস, এ, এম, রফিকুন্নবী (যুগ্মসচিব) অতিরিক্ত মহাপরিচালক | - | - | - |
| ৩। | জনাব মোহাঃ মাসুম বিল্লাহ সিস্টেমস ম্যানেজার | - | ১। বিয়াম ল্যাবরেটরি স্কুল এন্ড কলেজ, সদর, কক্সবাজার<br>২। বায়তুশ শরফ জব্বারিয়া একাডেমি, কক্সবাজার | হ্যাঁ |
| ৪। | জনাব মোঃ মনির হোসেন উপসচিব, পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) (অঃ দাঃ) | - | ১। ডনবক্স উচ্চ বিদ্যালয়, সদর, বান্দরবন<br>২। বান্দরবন কালেক্টরেট স্কুল অ্যান্ড কলেজ, বান্দরবান | হ্যাঁ |
| ৫। | জনাব মোঃ ফিরোজ সরকার উপ-পরিচালক (অর্থ) | - | - | - |
| ৬। | জনাব মির্জা মুরাদ হাসান বেগ উপ-পরিচালক (প্রশাসন) | - | - | - |
| ৭। | জনাব নিলুফা ইয়াসমিন উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন) | - | - | - |

**ফেব্রুয়ারি/২০২৪ মাসে জেলা/উপজেলা কার্যালয়ের পরিদর্শন:**

| কার্যালয় | বিভাগ ভিত্তিক পরিদর্শন | | | | | | | | মোট |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ঢাকা | চট্টগ্রাম | রাজশাহী | সিলেট | বরিশাল | রংপুর | খুলনা | ময়মনসিংহ | |
| জেলা | ১৭ | ১৮ | ১৭ | ৪ | ১৩ | ৯ | ১৩ | ০ | **৯১** |
| উপজেলা | ৩৯ | ৩৯ | ৫০ | ১২ | ১৭ | ৭১ | ১০৬ | ৫৫ | **৩৮৯** |

**আলোচনা ও সিদ্ধান্তঃ**

ক) শাখা প্রধানগণকে প্রতি মাসে ১টি এবং পরিচালকগণকে প্রতি ৩ মাসে অধীনস্থ ন্যূনতম ২ টি শাখা/অধিশাখা পরিদর্শন করতে হবে।

খ) প্রতি মাসে ন্যূনতম ২টি করে ফিল্ড ভিজিট করতে হবে এবং প্রধান কার্যালয়ের অন্যান্য কর্মকর্তাগণও প্রকল্পসহ জেলা ও উপজেলা কার্যালয় নিয়মিত পরিদর্শন করবেন।

গ) জেলা কার্যালয়ের কর্মরত কর্মকর্তাগণ প্রতিমাসে ন্যূনতম ২টি উপজেলা কার্যালয় ও ৪টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন এবং উপজেলা কার্যালয়ে কর্মরত কর্মকর্তা প্রতি মাসে ন্যূনতম ৫টি শেখ রাসেল ডিজিটাল ল্যাব পরিদর্শন করবেন।

ঘ) পরিদর্শনে গমনের পূর্বে উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবগত করবেন এবং পরিদর্শন গাইডলাইন/ছক অনুসরণ করে পরিদর্শন পরবর্তী ৩ দিনের মধ্যে আবশ্যিকভাবে পরিদর্শনের স্থির চিত্র, সুপারিশ ও মতামতসহ প্রতিবেদন (soms.gov.bd) প্রেরণ নিশ্চিত করতে হবে।

ঙ) পরিদর্শনের সুপারিশ বাস্তবায়ন অগ্রগতি নিয়মিত তদারকি করতে হবে।

চ) পরিদর্শনের প্রমাপ নির্ধারণপূর্বক মাঠ পর্যায়ে পত্র প্রেরণ করতে হবে।

১। উপ-পরিচালক ও তদুর্ধ্ব কর্মকর্তাগণ
২। জেলা কার্যালয় (সকল জেলা)
৩। উপজেলা কার্যালয়, (সকল উপজেলা)
৪। সহকারী প্রোগ্রামার (প্রশাসন)
৫। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন)

৫।

**অধিদপ্তরের বিভিন্ন পদে নিয়োগ ও জনবলঃ**

১। জেলা ও উপজেলা কার্যালয়ের রাজস্বখাতে সৃজিত অফিস সহায়ক ৫৫২টি (৪র্থ শ্রেণির) পদে নিয়োগের জন্য ছাড়পত্র গ্রহণের নিমিত্ত উক্ত পদসমূহের বিপরীতে কোন মামলা আছে কি না সে বিষয়ে বিজ্ঞ আইনজীবীর প্রত্যয়ন দেয়ার জন্য আইসিটি বিভাগ হতে মৌখিক নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে সভায় আলোচনা হয়।

১। জেলা ও উপজেলা কার্যালয়ের রাজস্বখাতে সৃজিত অফিস সহায়ক ৫৫২টি (৪র্থ শ্রেণির) পদে নিয়োগের কার্যক্রম গ্রহণ করতে হবে।

২। উক্ত পদ সমূহে নিয়োগের জন্য আইসিটি বিভাগের ছাড়পত্র গ্রহণের নিমিত্ত আইসিটি বিভাগের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে।

১। উপ-পরিচালক (প্রশাসন)
২। জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার, প্রশাসন

| | | | |
|---|---|---|---|
| ৬। | **মামলা পরিচালনাঃ** সহকারী পরিচালক (সেবা) অত্র অধিদপ্তরের মামলা সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেনঃ<br>**০১। উপজেলা পর্যায়ে ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর পদের (৪৮৮ টি) নিয়োগঃ**<br>রিট নং-৭৩৩০/২০১৬, ৬৮৬০/২০১৬ ও ১১৭০৭/২০১৭ এর ০৯/০৩/২০২০ তারিখে মহামান্য আপিল বিভাগের আদেশের প্রেক্ষিতে ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর ৪৮৮টি শূন্য পদ পূরণের লক্ষ্যে নিয়োগ কার্যক্রম সম্পন্ন করা যাবে কিনা এ বিষয়ে আইনগত মতামত প্রদানের জন্য বিজ্ঞ সলিসিটর, মতামত অনুবিভাগ, আইন ও বিচার বিভাগে ইতোমধ্যে পত্র প্রেরণের খসড়া অনুমোদনের জন্য নথি উপস্থাপন করা হয়েছে।<br><br>**০২। মাঠ পর্যায়ে অফিস সহায়ক পদ (৫৫২ টি) নিয়োগঃ**<br>রিটকারী গত ২৩/০৩/২৩ তারিখে দরপত্রের সাথে দাখিলকৃত সিকিউরিটি মানি ফেরত নেওয়ার জন্য আবেদন করেন। ১০/০৯/২৩ তারিখে তার সিকিউরিটি মানি ফেরত দেওয়া হয়। রিটকারী মামলাটি নিষ্পত্তি করতে অনাপত্তি জানিয়ে গত ১০/০৯/২৩ তারিখে প্রত্যয়ন প্রদান করেন। | ১। অনিষ্পন্ন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।<br>২। অতিরিক্ত মহাপরিচালক মামলাসমূহ মনিটরিং করবেন।<br>৩। প্রতি সপ্তাহে মামলা সংক্রান্ত আপডেট মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। সহকারী পরিচালক (সেবা) - ফোকাল পয়েন্ট |
| ৭। | **মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>উপ-পরিচালক (প্রশাসন) বলেন, মাননীয় প্রধানমন্ত্রী তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ পরিদর্শনকালে গত ১৫/০৩/২০১৫ তারিখে অনুষ্ঠিত সভায় মোট ১৮টি নির্দেশনা দেন। আইসিটি অধিদপ্তর সংশ্লিষ্ট ১২ টি। যার মধ্যে ০৬ টি নির্দেশনা বাস্তবায়িত হয়েছে এবং অবশিষ্ট ৬টি নির্দেশনার বাস্তবায়ন কার্যক্রম চলমান। | মাননীয় প্রধানমন্ত্রী অবশিষ্ট নির্দেশনাসমূহের বাস্তবায়ন জোরদার করতে হবে। | ১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |
| ৮। | **আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা মহোদয়ের পরামর্শ/ নির্দেশনা বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা:**<br>মাননীয় প্রধানমন্ত্রীর আইসিটি বিষয়ক মাননীয় উপদেষ্টা জনাব সজীব ওয়াজেদ গত ১৪ সেপ্টেম্বর ২০২৩ তারিখে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রকল্পের বিষয়ে সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণীর সিদ্ধান্ত ৩.১০ মোতাবেক ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের ঋণচুক্তির আওতায় ঋণ পরিশোধের মাধ্যম হিসেবে মার্কিন ডলার নির্ধারিত ছিল। কিন্তু পরবর্তীতে Exim Bank of China মার্কিন ডলারের পরিবর্তে ঋণ পরিশোধের মাধ্যম হিসেবে RMB (Renminbi ) নির্ধারণ করে ERD-তে প্রস্তাব প্রেরণ করে। China Exim Bank হতে দ্রুত ঋণ ছাড়করণের নিমিত্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডি এবং এক্সিম ব্যাংকের প্রতিনিধিদের সাথে প্রকল্প দপ্তর থেকে যোগাযোগ অব্যাহত রয়েছে। | অর্থ বিভাগ ও বাংলাদেশ ব্যাংকের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। প্রকল্প পরিচালক, ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প |
| ৯। | **আইসিটি অধিদপ্তরের লোগো পরিবর্তনঃ**<br>সভাপতি আগামী এক সপ্তাহের মধ্যে প্রস্তুতকৃত ToR টি কমিটি কর্তৃক পুনরায় যাচাই-বাছাই বিষয়ে সভা আহ্বানের পরামর্শ প্রদান করেন। | আইসিটি অধিদপ্তরের লোগো পরিবর্তনের নিমিত্ত আগামী এক সপ্তাহের মধ্যে কমিটি কর্তৃক সভা আহ্বান করতে হবে। | ১। গঠিত কমিটি<br>২। জনাব মোঃ হারুন অর রশিদ, প্রোগ্রামার, সুরক্ষা টীম<br>৩। জনাব সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ১০। | **নিয়োগ বিধিমালা ও সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণঃ**<br>মাঠ পর্যায়ের উপজেলা, জেলা ও বিভাগীয় কার্যালয়ের সাংগঠনিক কাঠামোর খসড়া প্রস্তুত করা হয়েছে এবং প্রধান কার্যালয়ের সাংগঠনিক কাঠামোর খসড়া চলমান মর্মে সভাকে জানানো হয়। | ১। আইসিটি অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের পদোন্নতির সুযোগ সৃষ্টি করে সাংগঠনিক কাঠামো পুন:গঠন ও নিয়োগ বিধিমালা সংশোধনপূর্বক দ্রুত আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>২। আইসিটি অধিদপ্তরের সাংগঠনিক কাঠানো পুন:গঠন ও নিয়োগ বিধিমালা সংশোধন বিষয়ে শীঘ্রই একটি সভা আহ্বান করতে হবে। | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। সিস্টেম ম্যানেজার<br>৩। পরিচালক (অর্থ ও প্রশাসন)<br>৪। উপ-পরিচালক (প্রশাসন)<br>৫। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর (সিস্টেম ও প্রশিক্ষণ) |
| ১১। | **জেলা কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাদের নিয়ে সভাঃ**<br>সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন) জানান, মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে জেলা কার্যালয়ের কর্মকর্তাদের সাথে ফেব্রয়ারি/২৪ মাসের সভা গত ২৫/০২/২০২৪ তারিখ আয়োজন করা হয়েছে। | জেলা কার্যালয়ের কর্মকর্তাদের সাথে প্রতি মাসে সুবিধাজনক সময়ে সভা আয়োজন করতে হবে। | ১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। প্রোগ্রামার, সুরক্ষা টীম<br>৩। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন) |
| ১২। | **স্মার্ট বাংলাদেশ পুরস্কার নীতিমালা প্রণয়ন:**<br>১। সভাপতি স্মার্ট বাংলাদেশ পুরস্কার নীতিমালা প্রণয়নের উদ্দেশ্যে খসড়া নীতিমালা প্রস্তুতের নিমিত্ত কমিটি গঠনের নির্দেশনা প্রদান করেন।<br><br>২। স্মার্ট বাংলাদেশ দিবসকে ‘ক’ শ্রেণিভুক্ত করণের নিমিত্ত পুনরায় আইসিটি বিভাগের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে নির্দেশনা প্রদান করেন। | স্মার্ট বাংলাদেশ পুরস্কার নীতিমালা প্রণয়নের উদ্দেশ্যে খসড়া নীতিমালা প্রস্তুতের নিমিত্ত কমিটি গঠনপূর্বক দ্রুত খসড়া নীতিমালা প্রস্তুত করতে হবে।<br>২। স্মার্ট বাংলাদেশ দিবসকে ‘ক’ শ্রেণিভুক্ত করণের নিমিত্ত পুনরায় আইসিটি বিভাগের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগে পত্র প্রেরণ করতে হবে। | ১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (প্রশাসন) |
| ১৩। | **কর্মকর্তা/কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারণ সংক্রান্তঃ**<br>অত্র অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারণের নিমিত্ত কমিটি গঠন করতে হবে। গঠিত কমিটিকে কর্মকর্তা/কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারণের নিমিত্ত খসড়া তালিকা প্রস্তুত করতে হবে। কর্মকর্তাদের তালিকা প্রস্তুতপূর্বক জ্যেষ্ঠতা নির্ধারণের নিমিত্ত আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে। | অত্র অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের জ্যেষ্ঠতা নির্ধারণের নিমিত্ত কমিটি গঠনপূর্বক তালিকা প্রস্তুত করে আইসিটি বিভাগে প্রেরণ করতে হবে। | ১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। জনাব তানভীর আহমেদ, সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |
| ১৪। | **কর্মকর্তাদের কর্পোরেট সিম কার্ড ক্রয় সংক্রান্তঃ**<br>গ্রামীণফোন কোম্পানি কর্তৃক অত্র অধিদপ্তরের কর্মকর্তাদের জন্য সিম সরবরাহ করা হয়েছে। ইতোমধ্যে জেলা/উপজেলা কার্যালয়ের কর্মকর্তাদের জন্য সিম প্রেরণ করা হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | গ্রামীণফোন কোম্পানির সাথে যোগাযোগ করে প্রধান কার্যালয়সহ জেলা/উপজেলার কর্মকর্তাদের জন্য কর্পোরেট সিম প্রদান করতে হবে। | ১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। জনাব প্রকৌশলী মোছা: উম্মে মারজিয়া, প্রোগ্রামার |
| ১৫। | **বুনিয়াদি প্রশিক্ষণ:**<br>আইসিটি অধিদপ্তরের ২৫ জন কর্মকর্তাকে নিয়ে ১৮তম ব্যাচের বিশেষ বুনিয়াদি প্রশিক্ষণ সম্ভাব্য ১৫/০৪/২০২৪ তারিখে শুরু করা হবে মর্মে বিপিএটিসি এর নিকট থেকে মৌখিকভাবে জানা গেছে। | বিপিএটিসি এর সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | ১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |
| ১৬। | **শেখ রাসেল দিবস ২০২৪ উদ্‌যাপন সংক্রান্তঃ**<br>গত ২০/০৩/২০২৪ তারিখে মাননীয় প্রতিমন্ত্রী, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়-এর সভাপতিত্বে ১ম প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে মর্মে সভাকে জানানো হয়। | শেখ রাসেল দিবস ২০২৪ উদ্‌যাপনের নিমিত্ত প্রতিমন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী দ্রুত ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। জনাব সৈয়দ মাহফুজ মাহমুদ ইশতিয়াক আহমেদ, সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |
| ১৭। | **শেখ রাসেল পদক ২০২৪ আহ্বান সংক্রান্তঃ**<br>গত ২০/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত শেখ রাসেল দিবস উদ্‌যাপন ও পদক সংক্রান্ত সভার সিদ্ধান্ত অনুযায়ী আগামী ২৮/০৩/২০২৪ শেখ রাসেল পদক ২০২৪ জন্য আবেদন আহ্বান সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশিত হবে মর্মে সভায় আলোচনা হয়। | শেখ রাসেল পদক নীতিমালা অনুযায়ী যথা সময়ে শেখ রাসেল পদক ২০২৪ বিজ্ঞপ্তি আহ্বানের উদ্যোগ গ্রহণ করতে হবে। | ১। উপ-পরিচালক (প্রশাসন)<br>২। জনাব শাহ্ মুহাম্মদ রুবায়েত আলম, সহকারী প্রোগ্রামার (প্রশাসন) |

| | | | |
|---|---|---|---|
| ১৮। | **শেখ রাসেল ডিজিটাল ল্যাবের কম্পিউটার সংক্রান্তঃ**<br>সভাপতি স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ হতে কতগুলো কম্পিউটার বা আনুষজ্ঞিক সরঞ্জামাদি চুরি হয়েছে বা ল্যাব প্রতিস্থাপিত হয়েছে তার পূর্ণাঙ্গ তথ্য উপস্থাপনের নির্দেশনা প্রদান করেন। | অদ্যাবধি স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবসমূহ হতে কতগুলো কম্পিউটার বা আনুষজ্ঞিক সরঞ্জামাদি চুরি হয়েছে বা ল্যাব প্রতিস্থাপিত হয়েছে তার পূর্ণাঙ্গ তথ্য উপস্থাপন করতে হবে। | ১। প্রকল্প পরিচালক, শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)<br>২। জনাব শরিফুল ইসলাম, সহকারী প্রোগ্রামার, সংযুক্তিঃ শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়) |

**২। অর্থ শাখা:**

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|

<table>
<tr>
<td>১।</td>
<td>

**অডিট আপত্তিঃ** সভায় সহকারী পরিচালক (অর্থ) অডিট আপত্তি সংক্রান্ত নিম্নরূপ অগ্রগতি উপস্থাপন করেন:

<table>
<tr><th colspan="3">সাধারণ (Non SFI) অনিষ্পন্ন আপত্তি</th></tr>
<tr><th>ইউনিট/কস্ট সেন্টার</th><th>নিরীক্ষা সাল</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td><td>২০১৫-২০১৬</td><td>১</td></tr>
<tr><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td><td>২০১৯-২০২০</td><td>২</td></tr>
<tr><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td><td>২০২০-২০২১</td><td>৭</td></tr>
<tr><td>প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প</td><td>২০১৭-২০১৮</td><td>১</td></tr>
<tr><td>প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প</td><td>২০১৯-২০২০</td><td>২</td></tr>
<tr><td>সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানে কম্পিউটার ও ভাষা প্রশিক্ষণ ল্যাব স্থাপন প্রকল্প</td><td>২০১৯-২০২০</td><td>২</td></tr>
<tr><td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)</td><td>২০২০-২০২১</td><td>৩</td></tr>
<tr><td>সদ্য বিলুপ্ত ছিটমহলগুলোতে আইসিটি প্রশিক্ষণ এবং অবকাঠামো স্থাপন শীর্ষক কর্মসূচি</td><td>২০২০-২০২১</td><td>১</td></tr>
<tr><td></td><td></td><td>১৯</td></tr>
<tr><td colspan="3">অনিষ্পন্ন সাধারণ (Non SFI) সকল আপত্তি নিয়ে অডিট অধিদপ্তরের সাথে দ্বিপক্ষীয় সভা গত ১৮/০৯/২০২৩ তারিখে অনুষ্ঠিত হয়েছে। ৯ টি আপত্তি নিষ্পন্নের সুপারিশ এবং বাকীগুলো ব্রডশীট জবাব প্রেরণের সুপারিশ করা হয়েছে।</td></tr>
<tr><th colspan="3">অগ্রিম (SFI) অনিষ্পন্ন আপত্তি</th></tr>
<tr><th>ইউনিট/কস্ট সেন্টার</th><th>নিরীক্ষা সাল</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td><td>২০১৮-২০১৯</td><td>১</td></tr>
<tr><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td><td>২০১৯-২০২০</td><td>১</td></tr>
<tr><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td><td>২০২০-২০২১</td><td>৪</td></tr>
<tr><td>প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প</td><td>২০১৭-২০১৮</td><td>১</td></tr>
<tr><td>প্রযুক্তির সহায়তায় নারীর ক্ষমতায়ন প্রকল্প</td><td>২০১৯-২০২০</td><td>১</td></tr>
<tr><td></td><td></td><td>৮</td></tr>
<tr><td colspan="3">আইসিটি বিভাগ এর সভাপতিত্বে ২৫/০৯/২০২৩ সকাল ১০ টায় ত্রিপক্ষীয় সভা হয়েছে। ৪ টি আপত্তি নিষ্পন্নের সুপারিশ এবং বাকীগুলো ব্রডশীট জবাব প্রেরণের সুপারিশ করা হয়েছে।</td></tr>
<tr><th colspan="3">সাধারণ (Non SFI) অনিষ্পন্ন আপত্তি</th></tr>
<tr><th>ইউনিট/কস্ট সেন্টার</th><th>নিরীক্ষা সাল</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td><td>২০২১-২০২২</td><td>৫</td></tr>
<tr><td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)</td><td>২০২১-২০২২</td><td>১</td></tr>
<tr><td></td><td></td><td>৬</td></tr>
<tr><th colspan="3">অগ্রিম (SFI) অনিষ্পন্ন আপত্তি</th></tr>
<tr><th>ইউনিট/কস্ট সেন্টার</th><th>নিরীক্ষা সাল</th><th>সংখ্যা</th></tr>
<tr><td>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর</td><td>২০২১-২০২২</td><td>৭</td></tr>
<tr><td>শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন প্রকল্প (২য় পর্যায়)</td><td>২০২১-২০২২</td><td>২</td></tr>
<tr><td></td><td></td><td>৯</td></tr>
<tr><td colspan="3">২০২১-২০২২ বছরের ১৮ টি আপত্তির ব্রডশীট জবাব প্রেরণ করা হয়েছে।</td></tr>
</table>

- সর্বশেষ, অডিট দপ্তর ২০২২-২৩ অর্থবছরের তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর এর নিরীক্ষা কার্য সম্পাদন করার পরিপ্রেক্ষিতে সর্বমোট ১৩ (তের) টি অডিট মেমো প্রেরণ করেছেন। জবাব প্রস্তুত করা হচ্ছে। শীঘ্রই প্রেরণ করা হবে।

</td>
<td>১। অডিট অফিসের সাথে নিয়মিত যোগাযোগ রেখে আপত্তিসমূহ নিষ্পন্নের পদক্ষেপ গ্রহণ করতে হবে।</td>
<td>১। উপ-পরিচালক (অর্থ)<br>২। সহকারী পরিচালক (অর্থ)</td>
</tr>
</table>

| | | | |
|---|---|---|---|
| ২। | **বাজেট প্রণয়ন ও বাস্তবায়ন অগ্রগতিঃ**<br>২০২৩-২৪ অর্থ বছরের ১৯/০৩/২০২৪ তারিখ পর্যন্ত প্রধান কার্যালয় ৩৮%, জেলা কার্যালয় ৫৪%, উপজেলা কার্যালয় ৫৩% সর্বমোট ৫০% সামগ্রিক বাজেট বাস্তবায়ন হয়েছে। | ১। বাজেট বাস্তবায়ন ও অগ্রগতি বিষয়ক সভা প্রতি মাসে করে সুষ্ঠুভাবে বাজেট বাস্তবায়ন করতে হবে।<br>২। অতিরিক্ত মহাপরিচালক বাজেট বাস্তবায়ন অগ্রগতি মনিটরিং করবেন। | ১। অতিরিক্ত মহাপরিচালক<br>২। উপ-পরিচালক (অর্থ)<br>৩। সহকারী প্রোগ্রামার, অর্থ শাখা। |

**৩। পরিকল্পনা ও উন্নয়ন শাখা:**

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১। | **উদ্ভাবন, গবেষণা ও উন্নয়ন অধিশাখাঃ** জনাব মোঃ দিদারুল কাদির, নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন) সভায় উদ্ভাবন, গবেষণা ও উন্নয়ন অধিশার নিম্নরূপ অগ্রগতি উপস্থাপন করেন:<br><br>১। সফটওয়্যার ডেভেলপমেন্ট টিমঃ<br>• স্মার্ট অফিস ব্যবস্থাপনা (SOMS) প্রজেক্টে Hardware, Network & IOT Solution সংযুক্ত করা হয়েছে এবং গ্রামীণফোন অফিস পরিদর্শন করা হয়েছে।<br>• স্মার্ট অফিস ব্যবস্থাপনা (SOMS) সিস্টেমে ল্যাব কার্যক্রম ফিচার ডেভেলপ করা হয়েছে।<br>• ট্রেনিং পোর্টালের ডেভেলপমেন্ট কার্যক্রম ৬০% সম্পন্ন হয়েছে।<br>• ড্রোন বিষয়ক প্রকল্প সম্পর্কিত আইসিটি বিভাগের কৌশলপত্র পর্যালোচনা করা হয়েছে।<br>২। AI টিমঃ<br>• "শেখ রাসেল ডিজিটাল ল্যাবগুলোতে রোবটিক্স টুল Educational BOT ও প্রশিক্ষণ প্রদান" শীর্ষক প্রকল্পের খসড়া DPP এর ব্যয় বিভাজন কার্যক্রম চলমান। প্রকল্পটি RADP এর সবুজ পাতায় অন্তর্ভুক্ত হয়েছে।<br>• LPR model training এর জন্য ছবি সংগ্রহের কাজ চলমান। | ১। উদ্ভাবন, গবেষণা ও উন্নয়ন অধিশাখার অংশ হিসেবে গঠিত টিম ৩টি (১। A I টিম, ২। সাইবার সিকিউরিটি টিম ও ৩। সফটওয়্যার ডেভেলপমেন্ট টিম) প্রতি সপ্তাহে অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের নিকট তাদের কর্মকান্ডের অগ্রগতি উপস্থাপন করবেন।<br>২। দ্রুত বিপিএসসি সাথে স্মার্ট অফিস ব্যবস্থাপনা সিস্টেমটি ব্যবহার বিষয়ে MoU সম্পাদন করতে হবে। | ১। গঠিত কমিটি<br>২। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>৩।নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন)<br>৪। জনাব মোঃ আনিছুর রহমান, প্রোগ্রামার |
| | **ইনোভেশন:**<br>১। ২০২৩-২৪ অর্থবছরের ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগ হতে পাওয়া গিয়েছে এবং লক্ষ্যমাত্রা অনুযায়ী ১ম এবং ২য় কোয়াটারের কোয়াটারের কার্যক্রম নির্ধারিত তারিখ ও সময়ে বাস্তবায়ন সম্পন্ন হয়েছে। কর্মপরিকল্পনা অনুযায়ী ৩য় কোয়াটারের কার্যক্রম চলমান রয়েছে।<br>২। অধিদপ্তরের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের নিকট হতে ইনোভেশন আইডিয়া আহ্বায়ন করা হয় এবং সেপ্রেক্ষিতে মোট ১৩টি ইনোভেশন আইডিয়া পাওয়া গিয়েছে। প্রাপ্ত আইডিয়াসমূহ যাচাই-বাছাই কার্যক্রম সম্পন্ন করে ০৩টি আইডিয়াকে চলতি অর্থবছর ১৯/০৩/২৪ তারিখ আর্থিক ও প্রশাসনিক অনুমোদন প্রদান করা হয়েছে। | ১। ইনোভেশন কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে সকল কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।<br>২। অধিদপ্তরের কর্মকর্তাদের নিয়ে ইনোভেশন বিষয়ে নিয়মিত সভা আয়োজন করতে হবে। | ১। উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>২। নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন) |
| ২। | **ফ্রিল্যান্সিং/ আউটসোর্সিং প্রশিক্ষণঃ**<br>১। ২০২৩-২৪ অর্থ বছরে ২৯ টি ব্যাচে প্রশিক্ষণের নিমিত্ত বাজেটের আর্থিক ও প্রশাসনিক অনুমোদন হয়েছে। সংশ্লিষ্ট জেলা/উপজেলায় ২৭ বাজেট প্রেরণ এর কার্যক্রম সম্পন্ন হয়েছে। ২২ টি ব্যাচের প্রশিক্ষণ কার্যক্রম শুরু হয়েছে। ইতোমধ্যে ৩ টি উপজেলায় প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন হয়েছে এবং ১২ জন প্রশিক্ষণার্থী ফ্রিল্যান্সার হিসেবে আত্মপ্রকাশ করেছেন।<br>২। ফ্রিল্যান্সিং/আউটসোর্সিং ডাটাবেজ সফটওয়্যারটিতে ফ্রিল্যান্সার, ট্রেইনার এবং ট্রেইনি নিবন্ধন প্রক্রিয়া ও প্রোফাইল ব্যবস্থাপনা লাইভ করা হয়েছে। ফ্রিল্যান্সিং ট্রেনিং এর জন্য আবেদন প্রক্রিয়া সংযুক্ত করা হয়েছে। স্মার্ট অফিস ব্যবস্থাপনা থেকে উক্ত আবেদন প্রক্রিয়া মনিটরিং করার ব্যবস্থা করা হয়েছে। | আর্থিক ও প্রশাসনিক অনুমোদনপ্রাপ্ত ২১ টি ব্যাচের প্রশিক্ষণ সংশ্লিষ্ট জেলা/উপজেলা হতে সুষ্ঠুভাবে সম্পন্ন করতে হবে। | ১। গঠিত কমিটি<br>২।উপ-পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>৩।নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন) |

| | | | |
|---|---|---|---|
| ৩। | **বার্ষিক প্রতিবেদন প্রকাশ:**<br>২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে খসড়া প্রকাশ করা হয়েছে। যার প্রেক্ষিতে সকল শাখা ও প্রকল্প অফিস হতে প্রুফ রিডিং করে স্বাক্ষরসহ ডকুমেন্ট পাওয়া গিয়েছে। অনুমোদিত হলে প্রিন্টিং কার্যক্রম সম্পন্ন করা হবে। | সংশ্লিষ্ট সকলকে ওয়েবসাইটে প্রকাশিত ২০২২-২০২৩ অর্থ বছরের বার্ষিক প্রতিবেদন দ্রুত প্রিন্টিং কার্যক্রম সম্পন্ন করতে হবে। | ১। পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>২। জনাব দিদারুল কাদির, নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার (পরিকল্পনা ও উন্নয়ন) |

**৪। সিস্টেম ও প্রশিক্ষণ শাখা**

<table>
<tr><th>ক্রম</th><th>বিষয় ও আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td>১।</td><td>বিভিন্ন মন্ত্রণালয়ের সফটওয়্যার সিস্টেম তৈরি/উন্নয়ন সহায়তা প্রদানঃ<br>প্রধানমন্ত্রীর কার্যালয়সহ বিভিন্ন সংস্থা/দপ্তর/মন্ত্রণালয়কে সফটওয়্যার সিস্টেম তৈরি/উন্নয়নে সহায়তাসহ আইসিটি সম্পর্কিত কারিগরি সহায়তা প্রদানের নিম্নরূপ তথ্য উপস্থাপন করা হয়ঃ
<table>
<tr><th>মন্ত্রনালয় / সংস্থার নাম</th><th>চাহিত সহযোগিতা</th><th>অগ্রগতির তথ্য</th></tr>
<tr><td>প্রধানমন্ত্রীর কার্যালয়</td><td>টিকা প্রদান কার্যক্রম সফটওয়্যার ব্যবস্থাপনা, তথ্য সংশোধন এবং রক্ষণাবেক্ষণ</td><td>প্রধানমন্ত্রীর কার্যালয় এবং স্বাস্থ্য মন্ত্রণালয়: কোভিড-১৯ ভ্যাকসিন ম্যানেজমেন্ট সিস্টেম “সুরক্ষা”, টিকা প্রদান কার্যক্রম সফটওয়্যার ব্যবস্থাপনা, তথ্য সংশোধন এবং রক্ষণাবেক্ষণ করা হচ্ছে।পরিচয় এর API বন্ধ থাকায় NID এর তথ্য আপডেট বন্ধ আছে। সুরক্ষা” সিস্টেম পরিচালনা এবং সফটওয়্যারটির ধারাবাহিক উন্নয়ন, নিরাপত্তা, আপগ্রেডেশন এবং মেইনটেনেন্স বিষয়ক কার্যক্রম পরিচালনা সংক্রান্ত একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হবে।</td></tr>
<tr><td>বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষ</td><td>বাংলাদেশ স্থলবন্দর কর্তৃপক্ষের Integrated Smart Land Port Management System তৈরি লক্ষ্যে TOR প্রস্তুতকরণ</td><td>সম্পন্ন হয়েছে</td></tr>
<tr><td>আইন মন্ত্রণালয় এবং আইসিটি অধিদপ্তর (ইডিসি প্রকল্প হতে প্রস্তুত করা হবে)</td><td>“বিবাহ ও তালাক ম্যানেজমেন্ট সিস্টেম “বন্ধন””</td><td>আইন ও বিচার বিভাগ খুব শীঘ্র “বন্ধন” সিস্টেমটি প্রস্তুতকরণ ও বাস্তবায়নে নিমিত্ত তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ এবং আইন ও বিচার বিভাগের মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণের নির্দেশনা দেন। উল্লেখ্য, MoU তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ হতে অনুমোদন করা হয়েছে।</td></tr>
<tr><td rowspan="2">মন্ত্রিপরিষদ বিভাগ</td><td>Single registry MIS design and development with analysis</td><td>চাহিদা ভিত্তিক Roadmap তৈরির কাজ চলমান রয়েছে</td></tr>
<tr><td>National Meeting Management System</td><td>চাহিদা ভিত্তিক Convention তৈরির কাজ সম্পন্ন হয়েছে । মন্ত্রীপরিষদ বিভাগের সচিব স্যার কে উপস্থাপন করা হবে।</td></tr>
</table>
</td><td>বিভিন্ন মন্ত্রণালয়ের সফটওয়্যার সিস্টেম তৈরি/উন্নয়ন সহায়তা প্রদান কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন ও যোগাযোগ অব্যাহত রাখতে হবে।</td><td>১। সিস্টেম ম্যানেজার<br>২। জনাব মোঃ হারুন অর রশিদ, প্রোগ্রামার<br>৩। জনাব আব্দুল্লাহ আল রহমান, প্রোগ্রামার</td></tr>
<tr><td>২।</td><td>‘সুরক্ষা’ প্রাতিষ্ঠানিকীকরণ:<br>‘সুরক্ষা’ সিস্টেমের মাধ্যমে সেবা প্রদান কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দানের বিষয়ে সুরক্ষা টীমের সাথে মহাপরিচালক মহোদয়ের আলোচনা হয়েছে। সভাপতি নির্দেশনা মোতাবেক লিখিত প্রতিবেদন প্রস্তুতের কার্যক্রম দ্রুত শেষ করার পরামর্শ প্রদান করেন।</td><td>‘সুরক্ষা’ সিস্টেমের মাধ্যমে সেবা প্রদান কার্যক্রমকে প্রাতিষ্ঠানিক রূপ দানের নিমিত্ত বিশ্লেষণপূর্বক ডকুমেন্টশনসহ লিখিত প্রতিবেদন দ্রুত দাখিল করতে হবে।</td><td>১। সিস্টেম ম্যানেজার<br>২। প্রোগ্রামার, সুরক্ষা টীম</td></tr>
</table>

সভাপতি সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের জন্য দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাগণকে তাদের দায়িত্ব যথাযথভাবে সঠিক সময়ে পালন করতঃ বাস্তবায়ন করা এবং প্রত্যেক মাসের ৫ তারিখের মধ্যে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রশাসন শাখার সংশ্লিষ্ট কর্মকর্তার নিকট প্রেরণের অনুরোধ জানান এবং উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১৭-০৪-২০২৪
মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক

+৮৮ ০২-৪১০২৪০৭২ (ফোন)
+৮৮ ০২-৫৫০০৬৮৮২ (ফ্যাক্স)
dg@doict.gov.bd

তারিখ: ৪ বৈশাখ ১৪৩১ বঙ্গাব্দ
১৭ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৬.০৪.০০০০.০০৮.০৬.০৩২.১৮.৩০০

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। আইসিটি অধিদপ্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণ;
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (প্রতিমন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য);
৩। সচিবের একান্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব), সচিবের দপ্তর, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৪। ওয়েবসাইট এ্যাডমিনিস্ট্রেটর, সিস্টেম ও প্রশিক্ষণ, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর (ওয়েবসাইটে প্রদর্শনের অনুরোধসহ) এবং
৫। জনাব ..........................।

১৭-০৪-২০২৪
মোঃ মোস্তফা কামাল
মহাপরিচালক